

বিকেল বেলায়

অয়ন মুখোপাধ্যায়

শরৎ উঠছে আকাশে ঘুড়ির মেঘ  
টিং-সাইকেল মফস্বলের পথ  
ঘুড়িপথ বেয়ে মেঘেদের আসা যাওয়া  
একা জানালার পাশটিতে রাখো কাশ

ও কাশ, তোমার শ্বেতখানি দিও তবে  
দ্যাখো, আমি জ্বলে পুড়েই যাচ্ছি জেগে  
জাগা না-জাগার ঘুমমাখা চোখে দেখি  
চূড়াময় এই শেষবিকেলের পথে

প্রতিটি তরুণী সূর্যের মতো লাল